ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৬৫ ● কলকাতা ● ২৩ ফাল্গুন, ১৪৩১ ● শনিবার ● ০৮ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## নবগঠিত কোর কমিটি স্থগিত করে মমতা বার্তা দিলেন প্রবীণ নেতাদেরও



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

জেলায় জেলায় ভোটার তালিকা স্ক্রুটিনির জন্য কোর কমিটি গঠন করার পরে রাতের মধ্যেই তা স্থগিত করে দিতে হয়েছে তৃণমূল নেতৃত্বকে। তার পরেই শাসক শিবিরের অন্দরে শুরু হয়েছে জল্পনা। ওই ঘটনাকে কয়েক জন 'প্রবীণ' নেতার উদ্দেশে দলের সর্বময় নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের 'বার্তা' হিসাবেই দেখছেন অনেকে। কেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের ভার্চুয়াল বৈঠকের কথা শুরুতেই ঘোষণা করা হল না, কেন একেবারে শেষে কার্যত 'ভাঙা হাটে' বলা হল, তা নিয়ে আলোচনা তুঙ্গে শাসকদলের অন্দরে। অভিষেক-ঘনিষ্ঠদের অনেকের বক্তব্য, ''সাধারণ সম্পাদকের বৈঠকের সূচি ঘোষণার প্রক্রিয়া দায়সারা ভাবে করা হয়েছে।'' অনেকে আবার ওই ঘটনার সঙ্গে কোর কমিটি স্থগিত করে দেওয়ার সিদ্ধান্তটিকেও জুড়ে দেখতে চাইছেন। অনেকের বৃহস্পতিবারের বৈঠকের পরে অভিষেকের পৃথক বৈঠকের 'প্রয়োজনীয়তা' খুঁজতে শুরু করেছেন।

তবে আলোচনা যা-ই হোক, বক্তব্য সকলেরই এক — গত

এরপর ৩ পাতায়


## সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির আসন পেতে পারেন একজন বাঙালি



**বেবি চক্রবর্ত্তী : দিল্লী**

ইতিহাস ফিরে আসে। ভারতের প্রশাসনিক পদগুলোর মধ্যে অবশ্যই অন্যতম একটি পদ হলো শীর্ষ আদালতের প্রধান বিচারপতির পদ। সম্ভবত আগামী কয়েক বছরের মধ্যেই সেই আসনে বসতে চলেছেন একজন বাঙালি - জয়মাল্য বাগচী। সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে নিয়োগ পাচ্ছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি জয়মাল্য বাগচি। শুধু তাই নয়, তিনি ২০৩১ সালে দেশের প্রধান

এরপর ৩ পৃষ্ঠায়






# হালিশহরে গাড়ির ডিকিতে গোরু চুরি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**উত্তর ২৪ পরগনা:-** এমন অভিনব চুরি আগে কখনো দেখা যায় নি। গাড়ি নিয়ে এসে ডিকিতে করে গোরু চুরি করা! না, হালিশহরে এমন ইতিহাস কেউ স্মরণ করতে পারছেন না। যাত্রী পরিবহণের ছোট চারচাকা গাড়িটি এসে দাঁড়াতেই, খুলে দেওয়া হল পিছনের ডিকি। সেখানেই তোলা হল আস্ত গরু! শুনতে কিছুটা অবাক লাগলেও, ভাইরাল সিসিটিভি ফুটেজে দেখা যাচ্ছে এমন দৃশ্যই। গৃহপালিত সেই দামি গরু নিরুদ্দেশ হওয়ায়, এখন তাকে খুঁজে দেওয়ার দাবি জানিয়ে স্থানীয় প্রশাসনের দারস্থ খাটাল মালিক। জানা গিয়েছে, হালিশহর পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের এইচ কে ডক্টর রোডের বাসিন্দা সুভাষ যাদবের খাটাল থেকে ওই দামি গরুটি দড়ি ছিঁড়ে বেরিয়ে যায়। পুলিশ এবার নেমে পড়েছে গোরু চোর ধরতে। পুলিশের ধারণা দু'এক দিনের মধ্যেই চোর ধরা পড়বে।

খবরে প্রকাশ গোরুটি দড়ি ছিঁড়ে চলে গিয়েছিল। পরে গোরুর মালিক সর্বত্র খোঁজ করে গোরুর সন্ধান না পেয়ে থানায় অভিযোগ জানায়। পরদিন ভোরে জানা যায়, মূল সড়কের পাশ থেকে দুই ব্যক্তি একটি চারচাকা গাড়িতে গরুটিকে তুলে নিয়ে যায়। সেই দৃশ্য ধরা পড়ে স্থানীয় এক ব্যক্তির বাড়িতে লাগানো সিসি ক্যামেরায়। ফুটেজ প্রকাশ্যে আসতেই ছড়িয়েছে চাঞ্চল্য। পুলিশ এই ঘটনার তদন্ত শুরু করেছে এবং সিসিটিভি ফুটেজের ভিত্তিতে দুষ্কৃতীদের চিহ্নিত করার চেষ্টা চলছে। স্থানীয় বাসিন্দাদের দাবি, এলাকায় আগে কখনও এ ধরনের চুরির ঘটনা ঘটেনি। হঠাৎ করে কেন এই কাণ্ড ঘটলো বুঝে উঠতে পারছেন না কেউই।

## নদিয়ায় সোসাইটির টাকা আত্মসাৎ এর অভিযোগে গ্রেপ্তার তৃণমূলের প্রাক্তন সভাপতি



**অভিজিৎ সাহা,নদীয়া**

বর্ষিয়ান তৃণমূল নেতা গ্রেপ্তারে নদিয়া জেলা জুড়ে শুরু হয়েছে জোর রাজনৈতিক তরজা।

নদীয়ায় সমবায় সমিতির ১৪ কোটি টাকা তছরূপের

অভিযোগে গ্রেপ্তার তৃণমূলের প্রাক্তন শহর সভাপতি তথা বর্ষীয়ান তৃণমূল নেতা শিবনাথ চৌধুরী। শুক্রবার সকালে কোতোয়ালি থানার পুলিশ তাকে গ্রেফতার করে।

নদীয়ার কৃষ্ণনগর শহরের তৃণমূলের প্রাক্তন শহর

এরপর ৬ পাতায়

## ওই দুই অভিযুক্তকে পুনরায় গ্রেফতার করুন! সিবিআই-কে নির্দেশ হাইকোর্টের, তোলপাড় রাজ্য

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



ভোট পরবর্তী হিংসার জেরে কলকাতায় খুন হয়েছিলেন অভিজিৎ সরকার। ৪ বছর আগে অর্থাৎ ২০২১ সালের বিধানসভা নির্বাচনের ভোট গণনার দিন ওই খুনের মামলা উঠেছিল কলকাতা হাইকোর্টে। এবার ওই মামলায় জামিনে মুক্ত দুই অভিযুক্তকে পুনরায় গ্রেফতার করার জন্য কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআইকে নির্দেশ দিল হাইকোর্ট। আদালত সূত্রের খবর,নিম্ন আদালতের নির্দেশে গত বছরের ২১ অগস্ট জামিন পেয়েছিলেন দুই অভিযুক্ত। এরপর নিম্ন আদালতের ওই নির্দেশকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন অভিজিতের পরিবার।জানা যাচ্ছে, আগে এই মামলায় নিম্ন আদালত থেকে জামিনে মুক্তি পেয়েছিলেন দুই অভিযুক্ত। ওই দুই অভিযুক্ত তৃণমূল কর্মী হলেন সঞ্জয় সামন্ত,সমীর সামন্ত। এদিন নিম্ন আদালতের সেই নির্দেশ খারিজ করে দিয়েছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি শুভ্রা ঘোষ।

প্রসঙ্গত, একুশের বিধানসভা নির্বাচনের পর রাজ্যজুড়ে একাধিক হিংসার ঘটনা ঘটেছিল। ওই ঘটনায় স্বতপ্রণোদিতভাবে সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিল হাইকোর্ট।

আদালত সূত্রে খবর,নিম্ন আদালতের নির্দেশে গত বছরের ২১ অগস্ট জামিন পেয়েছিলেন দুই অভিযুক্ত। এরপর নিম্ন আদালতের ওই নির্দেশকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন অভিজিতের পরিবার।

মামলা চলাকালীন মামলাকারী পক্ষের আইনজীবী ময়ূখ মুখোপাধ্যায় আদালতে জানিয়েছেন, অভিযুক্তদের বিরুদ্ধে ৩০২ এর খুনের মামলা থাকা সত্ত্বেও নিম্ন আদালত তাদের জামিন মঞ্জুর করে দিয়েছে। এরপরই এদিন নিম্ন আদালতের ওই নির্দেশ খারিজ করেছেন বিচারপতি শুভ্রা ঘোষ।







(১ম পাতার পর)

# সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির আসন পেতে পারেন একজন বাঙালি

বিচারপতি হবেন বলেও সুপ্রিম কোর্টের কলেজিয়ামের জারি করা বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে । দেশের প্রধান বিচারপতি সঞ্জীব খন্নার নেতৃত্বে সুপ্রিম কোর্টের কলেজিয়াম এই বাঙালি বিচারপতির নামে সিলমোহর দিয়েছে ।এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ৬ মার্চ সুপ্রিম কোর্টের কলেজিয়াম আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করেছে কলকাতা হাইকোর্টের বিচারপতি জয়মাল্য বাগচিকে সুপ্রিম কোর্টের বিচারপতি হিসাবে নিয়োগের সুপারিশ করা হয়েছে। বিচারপতি বাগচি ২০১১ সালের ২৭ জুন কলকাতা হাইকোর্টের বিচারপতি হিসাবে নিযুক্ত হয়েছিলেন। করোনাকালে ২০২১ সালের ৪ জানুয়ারি তাঁকে অন্ধ্রপ্রদেশ হাইকোর্টের বিচারপতি হিসাবে বদলি করা হয়। ২০৩১ সালের ২৫ মে, বিচারপতি কেভি বিশ্বনাথন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি পদ থেকে অবসর গ্রহণের পর, বিচারপতি বাগচি প্রধান বিচারপতি হতে পারেন। সব ঠিকঠাক থাকলে ২৬ মে, ২০৩১ দেশের প্রধান বিচারপতির পদ অলঙ্কৃত করবেন এই বাঙালি বিচারপতি । ২ অক্টোবর, ২০৩১ পর্যন্ত তিনি দেশের প্রধান বিচারপতির পদ সামলাতে পারবেন। সব দিক খতিয়ে দেখে কলেজিয়াম তাঁকে সুপ্রিম কোর্টের বিচারপতি হিসাবে নিয়োগের সুপারিশ করেছে। বাঙালি হিসাবে এতে আমরা গর্বিত।

# পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীর ভারতের অংশ হলেই সমস্যা সমাধান: জয়শঙ্কর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস. জয়শঙ্কর বলেছেন, পাকিস্তান যদি তাদের নিয়ন্ত্রিত কাশ্মীর (পিওকে) খালি করে দেয়, তবে কাশ্মীর ইস্যু পুরোপুরি সমাধান হয়ে যাবে। যুক্তরাজ্য সফরে গিয়ে বুধবার ব্রিটেনের আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক থিঙ্কট্যাংক সংস্থা

এরপর ৬ পাতায়

(১ম পাতার পর)

# নবগঠিত কোর কমিটি স্থগিত করে মমতা বার্তা দিলেন প্রবীণ নেতাদেরও

কয়েক মাস ধরে মমতা বারংবার স্পষ্ট করে দিয়েছেন, দল এবং সংগঠনে তিনিই শেষ কথা বলবেন। অন্য কেউ নন। সেই বার্তাকে প্রবীণ নেতাদের একাংশ তাঁদের 'জয়' হিসাবে দেখতে চেয়েছিলেন। তার ভিত্তিতে তাঁরা সম্ভবত খানিক আগ বাড়িয়ে পদক্ষেপ করে ফেলেছিলেন। কিন্তু রাত পোহানোর আগেই মমতা স্পষ্ট করে দিয়েছেন, দলের সুতো এখনও পর্যন্ত তাঁর হাতেই। ধরলে তিনি ধরবেন। ছাড়লেও তিনিই সুতো ছাড়বেন। সে 'প্রবীণ' হোক বা 'নবীন'।

পাশাপাশি, ১৫ মার্চ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ভার্চুয়াল বৈঠকের সূচি যে ভাবে বৃহস্পতিবারের বৈঠকে ঘোষণা করা হয়েছে, সেই পদ্ধতি নিয়েও শাসকদলের মধ্যে আলোচনা শুরু হয়েছে।

গত ২৭ ফেব্রুয়ারি নেতাজি ইন্ডোরের সভা থেকে মমতা একটি কমিটি গড়ে দিয়েছিলেন। তাঁর নির্দেশ ছিল, ওই কমিটির সদস্যেরা প্রতি দিন পালা করে তৃণমূল ভবনে বসবেন। আট দিনের মাথায় ওই কমিটির প্রথম বৈঠক হয়েছে বৃহস্পতিবার। সেখানেই ঘোষণা করা হয়, প্রতিটি জেলার স্ক্রুটিনির কাজ দেখভালের জন্য কোর কমিটি গড়ে দেওয়া হল। তৃণমূল সূত্রের খবর, ওই ধরনের কোনও কোর কমিটির কথা দলনেত্রীর জানা ছিল না। সন্ধ্যায় তিনি গোটা বিষয়টি জানতে পারেন। এবং তার পরেই কমিটি গঠন স্থগিত হয়ে যায়। জানিয়ে দেওয়া হয়, কোর কমিটি কী হবে, না হবে, তা দলনেত্রী পরে ঠিক করবেন।

কোর কমিটি গঠনের বিষয়টি যে হেতু রাজ্য সভাপতি সুব্রত বক্সী ঘোষণা করেছিলেন, তাই তৃণমূলের অনেক প্রবীণ নেতার ধারণা ছিল, ওই তালিকায় মমতার 'সিলমোহর' রয়েছে। কারণ, বক্সী নেত্রীকে না-জানিয়ে কিছু করেন না। বস্তুত, প্রবীণদের একটা অংশ হতবাক যে, কী ভাবে সর্বময় নেত্রীকে না-জানিয়ে এত বড় একটা সাংগঠনিক সিদ্ধান্ত নেওয়া হল! কেন কোর কমিটি গঠন স্থগিত করা হল, তার আনুষ্ঠানিক ব্যাখ্যা তৃণমূলের তরফে মেলেনি। তবে বক্সী-ঘনিষ্ঠ এক নেতা একান্ত আলোচনায় বৃহস্পতিবার রাতে জানিয়েছিলেন, মার্চের দ্বিতীয় সপ্তাহ থেকে লোকসভা এবং বিধানসভার অধিবেশন রয়েছে। কোর কমিটিতে সাংসদ-বিধায়কদের রাখা হলে তাঁরা সে ভাবে সময় দিতে পারবেন না। 'অগ্রাধিকার' ঠিক করে কোর কমিটি পুনর্গঠন করা হবে। ওই নেতার বক্তব্য, ''অনেক সাংসদ এবং বিধায়ক আছেন, যাঁদের অধিবেশনের চেয়ে সাংঠনিক এই কাজে মনোনিবেশ করা জরুরি। আবার পাশাপাশিই এমনও অনেকে আছেন, যাঁদের সংসদ বা বিধানসভার অধিবেশনে থাকা জরুরি। সেই সূচকেই কোর কমিটির পুনর্গঠন হবে।''

এই যুক্তি আবার অনেকের কাছে 'গ্রহণযোগ্য' বলে মনে হচ্ছে না। কারণ, তৃণমূল রাজ্যের শাসকদল। সংসদে তারা বিরোধী পরিসরে অন্যতম বড় শক্তি। রাজ্যসভা এবং লোকসভা মিলিয়ে তৃণমূলের সাংসদসংখ্যা এখন ৪২। সেই দলে সংসদ এবং বিধানসভার অধিবেশনের সূচি না জেনে এত বড় সিদ্ধান্ত নেওয়া হতে পারে বলে অনেকেই মনে করছেন না।

উল্লেখ্য, বৃহস্পতিবার তৃণমূলের মুখপত্রের সান্ধ্য সংস্করণের প্রতিবেদনে লেখা হয়েছিল, কোর কমিটি গঠন করা হয়েছে। কিন্তু শুক্রবারের প্রভাতী সংস্করণে লেখা হয়েছে 'কোর কমিটি স্থগিত'। কয়েক ঘণ্টার মধ্যে এই পট পরিবর্তনকে শাসকদলের অভ্যন্তরীণ সমীকরণের জন্য অনেকে 'তাৎপর্যপূর্ণ' বলেই মনে করছেন। 'তাৎপর্য' হল বক্সীর গঠিত কোর কমিটি দলনেত্রী মমতার স্থগিত করে দেওয়া, যা থেকে অনেকে এই উপসংহারে আসতে চাইছেন যে, দলের 'প্রবীণ' নেতাদেরও বার্তা দিতে চেয়েছেন মমতা।

তৃণমূলের অন্দরে আলোচনা শুরু হয়েছে অভিষেকের আহূত বৈঠকের সূচি ঘোষণার 'পদ্ধতি' নিয়ে। প্রসঙ্গত, বৃহস্পতিবারের বৈঠকে ছিলেন না অভিষেক। যদিও মমতার গড়ে দেওয়া কমিটির দ্বিতীয় নামটিই ছিল অভিষেকের। প্রথম নাম ছিল বক্সীর। তৃণমূল ভবনের বৈঠকের পরেই জানা যায়, সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ১৫ মার্চ বিকাল ৪টায় জেলার নেতাদের সঙ্গে 'ভার্চুয়াল' বৈঠক করবেন। কিন্তু অভিষেকের বৈঠকের কথা দলের নেতারা পরে জানতে পেরেছেন। অনেকেই জেনেছেন বৈঠক ছেড়ে বেরিয়ে গাড়িতে উঠে গন্তব্যে যাওয়ার পথে মোবাইল ফোনে সংবাদমাধ্যমের খবর দেখে। আবার অনেকে জেনেছেন তৃণমূল ভবনের উপর থেকে নীচে নামতে নামতে। 'পদ্ধতি' নিয়ে আলোচনা সে কারণেই।

তৃণমূল সূত্রের খবর, বৈঠকের একেবারে শেষ পর্বে যখন সকলে এক এক করে বেরিয়ে যাচ্ছেন, তখন এক জন নেতৃত্বের কানে কানে গিয়ে কিছু বলেন। তার পরেই অভিষেকের 'ভার্চুয়াল' বৈঠকের কথা ঘোষণা করা হয়। কিন্তু তত ক্ষণে অনেকে বেরিয়ে গিয়েছেন আবার অনেকে নীচে নামছেন সিঁড়ি বেয়ে।

## সম্পাদকীয়

# কায়দা করে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম?

শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় তোলপাড় রাজ্য-রাজনীতি। ইতিমধ্যেই নিয়োগ মামলার তৃতীয় সাপ্লিমেন্টারি চার্জশিট প্রকাশ করেছে সিবিআই। সেখানে অত্যন্ত সুচারুভাবে উল্লেখ করা হয়েছে 'জনৈক' অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম। কিন্তু কে এই অভিষেক বন্দ্যোপাধ্যায়?

নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত 'কালীঘাটের কাকু' ওরফে সুজয়কৃষ্ণ ভদ্রের কথা উল্লেখ করে আইনজীবী এদিন আরও বললেন, অভিযুক্ত সুজয়কৃষ্ণ ভদ্রের বাড়িতে বসে নাকি এই কথোপকথন হয়েছিল, তাঁকে গ্রেপ্তার করেছিল ইডি। তিনি পরে জামিনও পেয়ে গিয়েছেন। সঞ্জয়ের কথায়, 'ইডি-ই তো আদালতে দাঁড়িয়ে স্পষ্ট করে বলে দিয়েছিল আমার মক্কেলের বিরুদ্ধে কোনও আদালত গ্রাহ্য প্রমাণ পাওয়া যায়নি। তা হলে আচমকা সিবিআইয়ের এই তৎপরতা কেন?'

প্রসঙ্গত বছর ঘুরলেই বাংলায় বিধানসভা নির্বাচন। সেই প্রসঙ্গ টেনেই সঞ্জয় এদিন প্রশ্ন তুলেছেন, 'তা হলে কি ধরে নিতে হবে, কেউ বা কারা ভয় পেয়ে, নতুন করে চাপ তৈরির জন্য পরিকল্পিত ভাবে এটা করছেন?' একইসাথে তিনি জানতে চেয়েছেন যে অডিয়ো টেপ ট্রানস্ক্রিপ্ট আদালতে জমা পড়েছে, তা ট্যাম্পার বা বিকৃত করা হয়েছে কি না, সেই প্রশ্ন তোলা কি অনুচিত হবে? কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই-এর কাছে তাঁর প্রশ্ন, ২০২২ সালে যে তদন্ত শুরু হয়েছিল, তারপরে এত বার অভিষেককে ডেকে কথা বলার এত দিন পরে একটি নথিতে তাঁর নাম উল্লেখ করে তাঁরা কী প্রমাণ করতে চাইছে?মিডিয়ার কাছেও অত্যন্ত সুকৌশলে পৌছে দেওয়া হয়েছে ওই চার্জশিটের সঙ্গে জমা করা একটি অডিয়ো ক্লিপের ট্রানস্ক্রিপ্ট। সিবিআই-এর দেওয়া ওই চার্জশিট প্রকাশ্যে আসতেই তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আইনজীবী সঞ্জয় বসুর অভিযোগ এমন সুকৌশলে সেটা প্রকাশ করা হয়েছে, যাতে ইঙ্গিতটা তাঁর মক্কেলের দিকেই যায়।

আইনজীবী সঞ্জয়ের কথায়, ওই চার্জশিটে অন্যান্য যাদের নাম উল্লেখ করা হয়েছে, তাঁরা হয় নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত, তা নাহলে তাঁদের পদ উল্লেখ করা হয়েছে। অথচ অভিষেকের নামের আগে-পরে কিছুই লেখা নেই। তাই সঞ্জয়ের দাবি, এই জনৈক অভিষেক মালদার বাসিন্দা কোনও অভিষেক বন্দ্যোপাধ্যায়ও হতে পারেন। একইসাথে তিনি প্রশ্ন তুলেছেন, যদি ধরেও নেওয়া হয়, সেটা ডায়মন্ড হারবারের তৃণমূল সাংসদ অভিষেক,তাহলে সেই অডিয়ো ক্লিপে তো তাঁর কোনও কণ্ঠস্বর নেই কেন?

সঞ্জয় এদিন আরও জানান, 'যতবার অভিষেককে ইডি ও সিবিআই ডেকেছে, ততবার ও গিয়েছে। সমস্ত প্রশ্নের জবাব দিয়ে এসেছে। বলে এসেছে, যতবার ডাকা হবে ততবার ও যাবে'। তাই আইনি ভাবে লড়াই করার হুঁশিয়ারি দিয়ে তিনি বলেছেন, 'তারপরেও কেন, চার্জশিটে জুড়ে দেওয়া একটি অডিয়ো ক্লিপের ট্রানস্ক্রিপ্ট কায়দা করে অভিষেকের নাম উল্লেখ? কোনও তথ্যপ্রমাণ রয়েছে? থাকলে বলুক না। আমরা আইনত লড়াই করব।'

# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার
(পনেরোতম পর্ব)



লোককথা, অন্যদিকে দলিল। সব মিলেই তারাপীঠের মন্দির এবং তারামায়ের কাহিনী একাকার হয়ে গিয়েছে। ইতিহাসকার শুধু প্রমাণ খুঁজতে গেলে অতীতের আবছায়া কাহিনীগুলোকে অস্বীকার করতে হয়। কিন্তু তা সম্ভব নয়। যুগ যুগ ধরে ভক্তপ্রাণ বাঙালি হৃদয় সেসব আত্মসাৎ করে বসে আছে। তাই আপাতভাবে মন্দিরের দু'শো বছর কথাটা আংশিক সত্য। ইতিহাসকার থাকুন ইতিহাস নিয়ে, ভক্ত থাকুন তাঁর আপন বিশ্বাসে। এই বিশ্বাসের উপরে অবলম্বন করেই মা ইচ্ছায় এই মন্দিরটি তৈরি হয় তারাপীঠ। এভাবেই তারাপীঠে প্রথম

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# গণতন্ত্র থেকে 'ইমোক্রেসি'–আবেগ নির্ভর নীতিতে পরিবর্তন সুশাসন ব্যবস্থাকে ভয়ের মুখোমুখি দাঁড় করিয়েছে এর মোকাবিলায় জাতীয় বিতর্কের প্রয়োজন, বলেছেন উপ-রাষ্ট্রপতি

**নতুন দিল্লি, ০৬ মার্চ, ২০২৫**

উপরাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড় আজ গণতন্ত্র থেকে 'ইমোক্রেসি' অর্থাৎ আবেগ নির্ভর নীতিতে পরিবর্তন বিষয়ের উপর এক জাতীয় বিতর্কের আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, গণতন্ত্র থেকে ইমোক্রেসি-তে পরিবর্তনের বিষয়ে সচেতন হওয়ার জন্য এই বিতর্ক প্রয়োজন। তিনি আরও বলেন, আবেগনির্ভর নীতি, আবেগতারিত বক্তৃতা সুশাসন ব্যবস্থাকে ভয়ের মুখোমুখি দাঁড় করায়। পপুলিজম বা জনপ্রিয়বাদ খারাপ অর্থনীতির পরিচয় বহন করে বলে তিনি জানান। একবার যদি একজন নেতা শুধুমাত্র এই তত্ত্বে জড়িয়ে পড়েন, তবে সেই সঙ্কট থেকে বেরিয়ে আসা কঠিন হয়ে পড়ে। মানুষের মঙ্গল করাই মূল লক্ষ্য হওয়া উচিত বলে মন্তব্য করেন তিনি। মহারাষ্ট্রের মুম্বাইয়ে মুরলী দেওরা মেমোরিয়াল ডায়ালগস-এর 'নেতৃত্ব এবং শাসন ব্যবস্থা' শীর্ষক বিষয়ের উপর উদ্বোধনী ভাষণে একথা জানান তিনি। শ্রী ধনখড় রাজনৈতিক দলগুলির মধ্যে আপসের রাজনীতি বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, যদি কোনো রাজনৈতিক দল নির্বাচনী প্রতিশ্রুতি পূরণে অতিরিক্ত ব্যয় করে থাকে তবে সেই রাজ্যের পরিকাঠামোগত বিনিয়োগের ক্ষমতা হ্রাস পায়,

এরপর ৫ পাতায়

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

কারণ তারা প্রত্যেকে সত্যকেই অনুসন্ধান করছে। সেই অর্থে তিনি সত্য মেনেছেন। এখন অধুনা প্রাজ্ঞগন সেটা অস্বীকার করেন এই বলে যে সমস্ত ধর্মগুলোতে আচারগত বৈপরীত্য এত বেশী যে একসঙ্গে সব ক'টাকেই সত্য বলাটা উন্মাদের কাজ! **ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# প্রধানমন্ত্রী ৭-৮ মার্চ কেন্দ্রশাসিত অঞ্চল দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ সহ গুজরাট সফর করবেন

**নয়াদিল্লি, ৭ মার্চ, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ৭-৮ মার্চ কেন্দ্রশাসিত অঞ্চল দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ সহ গুজরাট সফর করবেন। তিনি ৭ মার্চ দুপুর ২টো নাগাদ সিলভাসায় নমো হাসপাতালের প্রথম পর্বের উদ্বোধন করবেন। এরপর, সেখানে তিনি দুপুর ২-৪৫ মিনিট নাগাদ কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য ২,৫৮০ কোটি টাকারও বেশি মূল্যের বহুবিধ উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন। সেখান থেকে তিনি বিকেল ৫টা নাগাদ সুরাট পৌঁছবেন এবং সুরাট খাদ্য সুরক্ষা স্যাচুরেশন অভিযানের সূচনা করবেন। ৮ তারিখ সকাল ১১-৩০ মিনিট নাগাদ প্রধানমন্ত্রী নভসারি সফর করবেন। সেখানে তিনি 'লাখপতি দিদি'দের সঙ্গে মতবিনিময়ে করবেন। এরপর, বিভিন্ন প্রকল্পের সূচনা অনুষ্ঠানে উপস্থিত থাকবেন শ্রী মোদী।

দেশের সমস্ত স্তরে স্বাস্থ্য পরিষেবার সুযোগ বৃদ্ধিই প্রধানমন্ত্রীর মূল লক্ষ্য। সেদিকে তাকিয়ে সিলভাসায় ৪৫০ শয্যার নমো হাসপাতালের প্রথম পর্বের উদ্বোধন করবেন তিনি, যার আর্থিক মূল্য ৪৬০ কোটি টাকারও বেশি। এতে দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ-এ স্বাস্থ্য পরিষেবা বিশেষভাবে শক্তিশালী হবে। এলাকার মানুষ, বিশেষত আদিবাসী সম্প্রদায় অত্যাধুনিক চিকিৎসা পরিষেবার সুযোগ পাবেন। সিলভাসাতে তিনি ২,৫৮০



কোটি টাকারও বেশি মূল্যের নানাবিধ উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন, যার অন্তর্গত বিভিন্ন গ্রামীণ সড়ক সহ অন্য সড়ক পরিকাঠামো, বিদ্যালয়, সুস্বাস্থ্য কেন্দ্র, পঞ্চায়েত ও প্রশাসনিক ভবন, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, জল সরবরাহ ও নিকাশি পরিকাঠামো প্রভৃতি। যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ, শিল্পোন্নয়নের প্রসার ও পর্যটনকে উৎসাহ দেওয়ার পাশাপাশি, কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং এলাকায় জনসচেতনতা উদ্যোগের প্রসারও এসব প্রকল্পগুলির মূল উদ্দেশ্য।

রোজগার মেলার অধীন প্রধানমন্ত্রী নিয়োগপত্র বিতরণ করবেন এবং পিএম আবাস যোজনা – শহর, গির আদর্শ আজীবিকা যোজনা এবং সিলভান দিদি প্রকল্পের অন্তর্গত বিভিন্ন সুযোগ-সুবিধা প্রাপকদের হাতে তুলে দেবেন।

৭ মার্চ প্রধানমন্ত্রী গুজরাটের সুরাটের লিম্বায়াতে সুরাট খাদ্য সুরক্ষা স্যাচুরেশন প্রচারাভিযান কর্মসূচির সূচনা করবেন এবং জাতীয় খাদ্য সুরক্ষা আইনের অধীন বিভিন্ন সুযোগ-সুবিধা ২.৩ লক্ষেরও বেশি প্রাপকদের হাতে তুলে দেবেন। মহিলা ক্ষমতায়ন সরকারের বিভিন্ন কাজের অন্যতম। প্রধানমন্ত্রীর আদর্শপথে তাঁদের সার্বিক বিকাশের লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। সেদিকে তাকিয়ে ৮ মার্চ আন্তর্জাতিক মহিলা দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী নভসারি জেলায় ভানসি ভোরসি গ্রামে 'লাখপতি দিদি' কর্মসূচিতে যোগ দেবেন। ৫ লক্ষ 'লাখপতি দিদি'কে তিনি সম্বর্ধনা ও শংসাপত্র প্রদান করবেন।

প্রধানমন্ত্রী গুজরাট সরকারের 'গুজরাট স্কিম ফর অন্ত্যোদয় ফ্যামিলিজ ফর অগমেন্টিং লাইলিহুডস' বা জি-সফল এবং 'গুজরাট মেন্টরশিপ অ্যান্ড অ্যাক্সিলেরেশন অফ ইন্ডিভিজুয়ালস ফর ট্রান্সফর্মিং রুরাল ইনকাম' বা জি-মৈত্রী কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা করবেন।

'জি-মৈত্রী' কর্মসূচি হল স্টার্ট-আপগুলিকে আর্থিক এবং অন্য সহায়ক সুবিধাপ্রদান। গ্রামীণ জীবনধারণে একটি সুগম বাতাবরণ গড়ে তোলার লক্ষ্যে এই কর্মসূচির সূচনা। 'জি-ফসল' গুজরাটের দুটি উচ্চাকাঙ্ক্ষী জেলা এবং ১৩টি উচ্চাকাঙ্ক্ষী ব্লকের অন্ত্যোদয় পরিবারগুলির এসএইচজি মহিলাদের আর্থিক এবং উদ্যোগগত প্রশিক্ষণ যোগানোর লক্ষ্যে একটি প্রকল্প।

(৪ পাতার পর)

## গণতন্ত্র থেকে 'ইমোক্রেসি'—আবেগ নির্ভর নীতিতে পরিবর্তন সুশাসন ব্যবস্থাকে ভয়ের মুখোমুখি দাঁড় করিয়েছে এর মোকাবিলায় জাতীয় বিতর্কের প্রয়োজন, বলেছেন উপ-রাষ্ট্রপতি

যা সংশ্লিষ্ট রাজ্যের অগ্রগতির ক্ষেত্রে বাধা সৃষ্টি করে।

প্রান্তিক সম্প্রদায়ের জন্য ইতিবাচক পদক্ষেপ গ্রহণে আপসহীন রাজনীতির প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি। গ্রামীণ ভারত বিশেষ করে কৃষকদের জন্য ইতিবাচক সদর্থক পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন বলে জানান উপরাষ্ট্রপতি। তিনি আরও বলেন, দেশে অবৈধভাবে বসবাসকারী মানুষের সংখ্যা বহু। এতে জনসংখ্যাগত বিপর্যয় সৃষ্টি করেছে। এমনকি, এর প্রভাব পড়েছে স্বাস্থ্য সেবা, শিক্ষা, কর্মসংস্থান ক্ষেত্রেও। পাশাপাশি দুর্বল শ্রেণীর মানুষদের লোভের ফাঁদে ফেলে ধর্মান্তরিত করা হচ্ছে। এই বিষয়গুলি নিয়েও উদ্বেগ প্রকাশ করেন তিনি।

উপরাষ্ট্রপতি বলেন, ভারত হল বিশ্বের একমাত্র দেশ যেখানে গ্রামীণ স্তর থেকে জাতীয় স্তর পর্যন্ত গণতান্ত্রিক প্রতিষ্ঠান সুবিন্যস্ত রয়েছে। তিনি বলেন, সংবিধানের প্রস্তাবনায় শাসন ব্যবস্থার উদ্দেশ্য হিসেবে সকলের জন্য ন্যায় বিচার, সমতা এবং ভ্রাতৃত্ববোধের কথা বলা হয়েছে। প্রয়াত মুরলী দেওরার প্রতি সম্মান জানিয়ে উপরাষ্ট্রপতি বলেন, তিনি রাজনীতিতে এক অনন্য ব্যক্তিত্ব এবং সকলের কাছে জনপ্রিয় ছিলেন। জনকল্যাণ ও সমাজ সেবায় তিনি তাঁর জীবন উৎসর্গ করেছিলেন বলেও জানান শ্রী ধনখড়।

অনুষ্ঠানে মহারাষ্ট্রের রাজ্যপাল সি পি রাধাকৃষ্ণণ, উপমুখ্যমন্ত্রী শ্রী একনাথ শিন্ডে, রাজ্যসভার সাংসদ শ্রী মিলিন্দ দেওরা সহ অন্য বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

### আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

### রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



(২ পাতার পর)

# নদিয়ায় সোসাইটির টাকা আত্মসাৎ এর অভিযোগে গ্রেপ্তার তৃণমূলের প্রাক্তন সভাপতি

সভাপতি তথা বর্ষীয়ান তৃণমূল নেতা শিবনাথ চৌধুরীর বিরুদ্ধে সমবায় সমিতির ১৪ কোটি টাকা তছরুপের অভিযোগ তোলে সমবায়ের এক সদস্যা মহিলা। ওই মহিলার অভিযোগের ভিত্তিতে এদিন কৃষ্ণনগর কোতোয়ালি থানার পুলিশ তাকে গ্রেপ্তার করে। অভিযুক্ত শিবনাথ চৌধুরী শুধু তৃণমূলের বর্ষীয়ান নেতাই ছিলেন না, পাশাপাশি তিনি ছিলেন

নদিয়া ডিসট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংকের প্রাক্তন চেয়ারম্যান। জানা যায়, নদীয়ার কালিনগর সোসাইটির ১৪ কোটি টাকা তছরুপের অভিযোগ আনা হয়েছে অভিযুক্তের বিরুদ্ধে, আর এই অভিযোগ করেছেন ওই সোসাইটির একজন সদস্যা। অভিযোগকারী মহিলার দাবি ২০১৪ থেকে ২০২০ সাল পর্যন্ত কালিনগর সোসাইটির চেয়ারম্যান ছিলেন শিবনাথ চৌধুরী, আর তিনি চেয়ারম্যান থাকাকালীন এই টাকা তছরুপ করেছেন। এই অভিযোগে ওই মহিলা কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন এবং পরবর্তীতে কোর্টের নির্দেশেই ৭ই মার্চ শুক্রবার অভিযুক্ত শিবনাথ চৌধুরীকে গ্রেপ্তার করে কৃষ্ণনগর কোতোয়ালি থানার পুলিশ।

শুধু টাকা আত্মসাৎ করা নয়, মহিলাদের সঙ্গে অশালীন ব্যবহারের অভিযোগ উঠেছে অভিযুক্ত শিবনাথ চৌধুরীর বিরুদ্ধে। যদিও তার বিরুদ্ধে ওঠা সব অভিযোগ মিথ্যা, এবং তার বিরুদ্ধে চক্রান্ত করা হয়েছে বলে জানান। অভিযুক্ত শিবনাথ চৌধুরী আরো বলেন কোন অপরাধের সঙ্গে তিনি জড়িত নন, তবে কে বা কারা চক্রান্ত করল সেই বিষয়ে স্পষ্টভাবে কিছু জানাননি শিবনাথ বাবু।

এদিন অভিযুক্তকে নদীয়া জেলা দায়রা আদালতে পেশ করে কোতোয়ালি থানার পুলিশ। প্রভাবশালী তৃণমূল নেতার গ্রেপ্তারের নিঃসন্দেহে অস্বস্তি বাড়িয়েছে শাসকদলকে। ঘটনাকে কেন্দ্র করে জেলা জুড়ে তীব্র চাঞ্চল্য তৈরি হয়েছে। স্থানীয় বিজেপি সহ বিরোধীদের দাবি এটাই তৃণমূলের সংস্কৃতি। গরু, কয়লা থেকে একাধিক কেলেঙ্কারিতে শাসকদলের নেতা-নেত্রীরা জড়িত। কেউ আদালতে কেউ আদালতের বাইরে আস্তে আস্তে সবাই দুর্নীতিতে জড়িয়ে এই বাংলায় রাজত্ব করছে। আগামী বিধানসভা নির্বাচনে বাংলা থেকে দুর্নীতিবাজ সরকারকে মানুষ আর ভোট দিয়ে জয়লাভ করবেন না বলে বিরোধীদের দাবি। বিরোধীদের প্রসঙ্গটি নিয়ে শাসকদলের নদীয়া জেলা বিভিন্ন সংগঠনের নেতৃত্ব দাবি মমতা বন্দ্যোপাধ্যায় এবং তার সরকার কখনো দুর্নীতিকে প্রশ্রয় দেয় না। আইন আইনের পথে চলবে তারা অন্যায় করবে তারা অবশ্যই উপযুক্ত শাস্তি পাবে।

(৩ পাতার পর)

## পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীর ভারতের অংশ হলেই সমস্যা সমাধান: জয়শঙ্কর

চ্যাথাম হাউসকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ কথা বলেন।

কাশ্মীর ইস্যুতে একজন দর্শকের প্রশ্নের জবাবে এ বক্তব্য দেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী। প্রশ্নটি ছিল, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে সম্পর্ককে কাজে লাগিয়ে কাশ্মীর ইস্যু 'সমাধান' করতে পারেন?

জবাবে জয়শঙ্কর বলেন, এ ইস্যুতে আমরা ধাপে ধাপে এগোচ্ছি। প্রথম ধাপে আমরা (সংবিধানের) ৩৭০ নম্বর ধারা বাতিল করেছি। এরপর কাশ্মীরে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করা ছিল দ্বিতীয় পদক্ষেপ। তৃতীয় ধাপে আমরা সেখানে বিধানসভা নির্বাচন দিয়েছি এবং সেই নির্বাচনে প্রচুর ভোটার ভোট দিয়েছেন।

তিনি আরও বলেন, 'আমরা অপেক্ষা করছি কাশ্মীরের চুরি হওয়া অংশটি ফিরিয়ে নিয়ে আসতে যা পাকিস্তানের অবৈধ দখলে রয়েছে। যখন তা হবে, আমি আপনাদের আশ্বস্ত করতে পারি যে, কাশ্মীর ইস্যু সমাধান হয়ে যাবে।

## জেলেনস্কির সঙ্গে বিতণ্ডার পর এবার রাশিয়াকে কঠোর হুঁশিয়ারি ট্রাম্পের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে বাকবিতণ্ডার কয়েক দিন পরই রাশিয়ার বিরুদ্ধে কঠোর নিষেধাজ্ঞা আরোপের হুঁশিয়ারি দিয়েছেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি জানিয়েছেন, যতক্ষণ না রাশিয়া ইউক্রেনের সঙ্গে একটি চূড়ান্ত শান্তিচুক্তিতে পৌঁছাচ্ছে, ততক্ষণ পর্যন্ত তিনি দেশটির ওপর ব্যাপক ব্যাংকিং নিষেধাজ্ঞা, বাণিজ্য শুল্ক ও অন্যান্য কঠোর পদক্ষেপ নেওয়ার কথা বিবেচনা করছেন।

সম্প্রতি ইউক্রেনে রাতভর বিমান হামলার পর ট্রাম্প তার সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, রাশিয়া বর্তমানে ইউক্রেনকে ভয়াবহভাবে ধ্বংস করছে। এই পরিস্থিতিতে আমি বৃহৎ পরিসরের নিষেধাজ্ঞা এবং বাণিজ্য শুল্ক আরোপের কথা ভাবছি- যতক্ষণ না যুদ্ধবিরতি এবং চূড়ান্ত শান্তি চুক্তি সম্পন্ন হচ্ছে।

তিনি রাশিয়া ও ইউক্রেনের উদ্দেশে বার্তা দিয়ে বলেন, দ্রুত আলোচনার টেবিলে বসুন, সময় ফুরিয়ে আসছে। ধন্যবাদ!

উল্লেখ্য, নিষেধাজ্ঞা সাধারণত এক দেশের ওপর অন্য দেশ দ্বারা আরোপিত একটি শাস্তিমূলক ব্যবস্থা, যা তাদের আগ্রাসী কার্যক্রম বা আন্তর্জাতিক আইন লঙ্ঘন ঠেকানোর জন্য নেওয়া হয়। রাশিয়া যখন ২০২২ সালে ইউক্রেনে সামরিক অভিযান চালায়, তখন থেকেই যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইউরোপীয় ইউনিয়ন, কানাডা, জাপান এবং অস্ট্রেলিয়াসহ বিভিন্ন দেশ মস্কোর বিরুদ্ধে ২১,০০০-এরও বেশি নিষেধাজ্ঞা আরোপ করেছে।

এর আগেও, জানুয়ারিতে ক্ষমতায় ফেরার পর ট্রাম্প রাশিয়ার বিরুদ্ধে আরও কঠোর নিষেধাজ্ঞা ও শুল্ক আরোপের ইঙ্গিত দিয়েছিলেন। এবার তিনি সরাসরি জানিয়ে দিলেন, যুদ্ধবিরতি না হলে রাশিয়াকে আরও কঠোর অর্থনৈতিক শাস্তির মুখে পড়তে হবে।

# সিনেমার খবর

## বিয়ে করতে কেমন পুরুষ চান, জানালেন সুস্মিতা



স্টাফ রির্পোর্টার, নিউজ সারাদিন

বলিউডের বর্ষীয়ান অভিনেতা অনুপম খের অভিনয়ের পাশাপাশি রাজনৈতিক ও সামাজিক বিভিন্ন বিষয়ে স্পষ্ট মতামত রাখেন। কিছু রাজনৈতিক ছবিতেও অভিনয় করেছেন। এবার রাজনীতিতে যোগ দেওয়ার বিষয়ে মুখ খুললেন অনুপম খের।

সামাজিক যোগাযোগ মাধ্যমে এই বর্ষীয়ান অভিনেতার কাছে রাজনীতিতে যুক্ত হওয়ার বিষয়ে প্রশ্ন করেন এক অনুরাগী। তার প্রশ্ন, ‘আপনি পাকাপাকি ভাবে কেন রাজনীতিতে যোগ দিচ্ছেন না? মোদি সরকারের জন্য আপনি সম্পদের মতোই গুরুত্বপূর্ণ। সংস্কৃতি মন্ত্রণালয়ের অংশ হয়ে উঠবেন আপনি। আমি নিশ্চিত, আপনি ভালো কাজ করবেন।’

অনুরাগীর মন্তব্যে প্রতিক্রিয়াও জানিয়েছেন অনুপম। তার স্পষ্ট বক্তব্য, দেশের ‘সম্পদ’ হয়ে ওঠার জন্য সক্রিয় রাজনীতি করার প্রয়োজন পড়ে না।

অনুপম বলেন, ‘আমাকে পরামর্শ ও উৎসাহ দেওয়ার জন্য ধন্যবাদ। তবে আমি বিশ্বাস করি, দেশের সম্পদ হয়ে উঠতে সক্রিয় রাজনীতিতে যোগ দেওয়ার প্রয়োজন পড়ে না। শুধু একজন অসাধারণ নাগরিক হয়ে ওঠা জরুরি।’

প্রসঙ্গত, অনুপম খেরকে শেষ দেখা গেছে কঙ্গনা রানাওয়াতের ‘ইমার্জেন্সি’ ছবিতে। তার আগেও ‘দ্য কাশ্মীর ফাইলস্’, ‘দ্য অ্যাকসিডেন্টাল প্রাইম মিনিস্টার’, ‘ইন্দু সরকার’-এর মতো ছবিতেও কাজ করেছেন তিনি।

## যে কারণে সপরিবারে মান্নাত ছাড়ছেন শাহরুখ

স্টাফ রির্পোর্টার, নিউজ সারাদিন

শাহরুখ খানের ভক্তদের কাছে ‘মান্নাত’ হলো এক আবেগের নাম। শাহরুখের জন্মদিন হোক কিংবা দীপাবলি, এক ঝলক শাহরুখকে দেখার আশার হাজার হাজার অনুরাগী ভিড় করেন ‘মান্নাত’-এর গেটের সামনে।

তাছাড়া মুম্বাই গিয়ে একবার শুধু ‘গুরু’র বাড়িটা স্বচক্ষে দেখে আসেননি, এমন উদাহরণ নেই বললেই চলে। শাহরুখ এবং তার বাংলো ‘মান্নাত’ দু’টোই অনুরাগীদের কাছে অত্যন্ত আবেগের।

ভারতীয় গণমাধ্যমে এক প্রতিবেদনে বলা হয়, ‘মান্নাত’



নাকি ছেড়ে দিচ্ছেন শাহরুখ, সপরিবার বাসা পরিবর্তন করছেন। এই খবর প্রকাশ্যে আসতেই অনুরাগীরা এ বিষয়ে নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে বেশ আলোচনা করছেন।

প্রতিবেদনে আরও বলা হয়, মান্নাতকে নতুন ভাবে সাজানো হবে। এই কাজ জন্য আপাতত বাড়ি থেকে পালি হিলের বাড়িতে গিয়ে থাকবেন খান পরিবার। বাড়ি সাজানোর কাজ শুরু হবে মে মাস থেকে।

তার কয়েক দিন আগেই অবশ্য খানেরা পালি হিলের বাড়িতে চলে যাবেন। জানা যায়, বাড়ির কাজ শেষ হতে হতে সময় লাগবে দু’বছর । মান্নাত আরও একটু বড় হবে।

বাড়ির এই কাজের জন্য গত বছর প্রশাসনের কাছ থেকে অনুমতিও নিয়েছিলেন গৌরী খান। আগামী দু’বছর তাই খান পরিবারের ঠিকানা পালি হিলের চারতলার ফ্ল্যাটটি। এই ফ্ল্যাটের ভাড়া নাকি বছরে ২ কোটি ৯০ লাখ টাকা।

## মায়ের সেই পথ বেছে নিলেন জাহ্নবী



স্টাফ রির্পোর্টার, নিউজ সারাদিন

ভারতের হিন্দি সিনেমার সাড়া তোলা অভিনেত্রী শ্রীদেবী বলিউডের পাশাপাশি দক্ষিণেও প্রভাব ফেলেছিলেন। সেই পথ বেছে নিয়েছেন তার মেয়ে অভিনেত্রী জাহ্নবী কাপুরও। হিন্দি ইন্ডাস্ট্রির পাশাপাশি দক্ষিণী সিনেমার দুনিয়ায় জোরেশোরে কাজ করছেন এই তরুণী। দক্ষিণের নায়ক আল্লু অর্জুনের সঙ্গে জুটি বাঁধতে চলেছেন জাহ্নবী কাপুর।

গত বছর দক্ষিণের অভিনেতা এনটিআর জুনিয়রের সঙ্গে ‘দেভারা’ সিনেমা করে আলোচনায় এসেছেন জাহ্নবী। দক্ষিণি সুপারস্টার রামচরণেরও নায়িকা হয়েছেন তিনি। এবার আল্লুর সঙ্গী হতে চলেছেন জাহ্নবী। কয়েক বছর ধরে আল্লুর নায়িকা হিসেবে রাশমিকা মান্দানাকে দেখে অভ্যস্ত দর্শকরা। সেই ধারাবাহিকতার পরিবর্তন আনতে চাইছেন নায়ক নিজেই। টাইমস অব ইন্ডিয়া লিখেছে, ‘দেভারা’ সিনেমায় জাহ্নবীর অভিনয় দেখে অর্জুন এই অভিনেত্রীকে নায়িকা হিসেবে পেতে আগ্রহী হয়েছেন। আল্লু ও জাহ্নবীকে নিয়ে সিনেমা বানাবেন পরিচালক অ্যাটলি কুমার। মাসখানেক আগে অ্যাটলির স্ত্রী প্রিয়ার জন্মদিনের পার্টিতে দেখা গিয়েছিল জাহ্নবীকে। তখন থেকেই গুঞ্জন ওঠে অ্যাটলির সিনেমায় দেখা যেতে পারে জাহ্নবীকে। সেই গুঞ্জন এবার সত্যি হতে চলেছে।

# সেদিন কোহলিকে কী বলেছিলেন ধোনি?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের সাবেক জাতীয় ক্রিকেট দলের অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি সবার সঙ্গে খুব বেশি যোগাযোগ রাখতে পারেন না। তিনি নিজে অনেকবার সে কথা বলেছেন। ধোনির সতীর্থরাও জানিয়েছেন, খেলা ছাড়ার পর তার সঙ্গে যোগাযোগ করা খুব কঠিন। অথচ সেই ধোনি নিজে থেকে যোগাযোগ করেছিলেন বিরাট কোহলির সঙ্গে। কোহলি ভারতের টেস্ট দলের নেতৃত্ব ছাড়ার পর মেসেজ করেছিলেন ধোনি। কেন? তার জবাব নিজেই দিয়েছেন সাবেক এ অধিনায়ক।

এর আগে ২০২২ সালের জানুয়ারি মাসে দক্ষিণ আফ্রিকা সফরের পর টেস্টের অধিনায়কত্ব ছেড়েছিলেন কোহলি। তার পরেই ধোনির মেসেজ পেয়েছিলেন তিনি। পরে কোহলিই সে কথা জানিয়েছিলেন। কোহলি বলেন, একটা কথা বলি। টেস্টের অধিনায়কত্ব ছাড়ার পর



মহেন্দ্র সিং ধোনি

আমি একজনের কাছ থেকেই মেসেজ পেয়েছিলাম— মহেন্দ্র সিং ধোনি। আমার নম্বর অনেকের কাছেই ছিল। টেলিভিশনে অনেকে অনেক পরামর্শ দিয়েছিল। কিন্তু তারা কেউ আমার সঙ্গে যোগাযোগ করেনি। একটা মেসেজ পর্যন্ত করেনি।

ধোনি হঠাৎ কেন কোহলিকে মেসেজ করেছিলেন? আইপিএলের আগে একটি অনুষ্ঠানে এ বিষয়ে প্রশ্ন করা হলে ধোনি বলেন, এই প্রশ্ন আমাকে অনেক জায়গায় করা হয়েছে। আমি সাধারণত কারও সঙ্গে খুব একটা যোগাযোগ রাখি না। তবে কোনো কোনো সময় কারও আপনাকে প্রয়োজন হয়। তখন একটা মেসেজই যথেষ্ট। ধোনি নিজেও অধিনায়ক ছিলেন। তাকেও একটা সময়ে নেতৃত্ব ছাড়তে হয়েছে। নিজের কথার মধ্য দিয়ে ধোনি বোঝাতে চেয়েছেন, নেতৃত্ব ছাড়ার পর কোহলির মনের অবস্থা তিনি বুঝতে পেরেছিলেন। তাই কোহলিকে মেসেজ করেছিলেন।

কোহলির ক্যারিয়ারের কঠিন সময়ে ধোনিকে পাশে পেয়েছেন। ২০২১ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের পর টি-টোয়েন্টির অধিনায়কত্ব ছাড়েন কোহলি। তারপর একদিনের অধিনায়কত্ব থেকে তাকে সরিয়ে দেওয়া হয়। ফলে কয়েক মাস পর টেস্টের অধিনায়কত্বও তিনি ছেড়ে দেন। সেই সময় ধোনির সঙ্গে তার যোগাযোগ ছিল। কোহলি পরে বলেছিলেন— আমাদের মধ্যে কোনো রেষারেষি নেই। ধোনি ভাই আমার কাছে কোনো দিন কিছু চায়নি। আমিও চাইনি। ও আমার বড় ভাইয়ের মতো। যখনই প্রয়োজন পড়েছে ধোনি ভাইয়ের পরামর্শ পেয়েছি। মাঠে তো বটেই। মাঠের বাইরেও। ধোনি ভাই খুব সৎ, যা বলে মুখের ওপর বলে। ক্রিকেটার ধোনি তো বটেই মানুষ ধোনির প্রভাবও আমার জীবনে অনেক বেশি।

## ক্লাবের হয়ে ক্ষমা চাইলেন রোনালদো



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

যানজটে যথা সময়ে আল নাসরের ম্যাচ মাঠে গড়ায়নি। ম্যাচ শুরু হতে ঘণ্টা খানেক দেরি হওয়ায় অপেক্ষায় থাকতে হয়েছে স্টেডিয়ামে ম্যাচ উপভোগ করতে আসা দর্শকদের। তাই নিজ ক্লাব আল নাসেরের হয়ে ক্ষমা চেয়েছেন ক্রিস্টিয়ানো রোনালদো।

মঙ্গলবার সৌদি প্রো লিগে আল ওয়েহদার মুখোমুখি হয়েছিল আল নাসর। দেরি করে ম্যাচ মাঠে গড়ালেও তাতে ২-০ গোলে জিতেছে রোনালদোর দল। ম্যাচটিতে একটি গোলও করেছেন পর্তুগিজ তারকা। রোনালদো একটি পেনাল্টি আদায় করলেও সেটি সতীর্থ সাদিও মানেকে নিতে বললে দ্বিতীয় গোলটি আসে স্পট কিক থেকে।

সেদিন কিক অফের ৯ মিনিট পর মাঠে আসে আল নাসরের টিম বাস। যে কারণে ম্যাচটা শুরু হতে ঘণ্টাখানেকের মতো দেরি হয়।

টিম বাস দেরি করে আসার পর রোনালদো এসএসসি স্পোর্টসকে বলেন, ম্যাচটা কঠিন ছিল। প্রথমার্ধটাও আমাদের জন্য কঠিন ছিল। কারণ যানজটে মাঠে আসার জন্য বাসের জার্নি করেছি তিন ঘণ্টা। রাস্তা বন্ধ ছিল।

তারপর ম্যাচ শুরু হতে দেরি হওয়ায় দর্শকদের কাছে ক্ষমা চেয়ে রোনালদো বলেন, আমি আল নাসরের পক্ষ থেকে ম্যাচ দেরি শুরু করার জন্য ক্ষমা চাচ্ছি। এমনটা হওয়া উচিত নয়। সত্যিই আমরা দুঃখিত।

লিগে ৪৭ পয়েন্ট নিয়ে তিন নম্বরে অবস্থান করছে রোনালদোদের দল। শীর্ষে থাকা আল ইত্তিহাদের চেয়ে ৮ পয়েন্ট পিছিয়ে তারা। দ্বিতীয় স্থানে থাকা আল হিলালও তাদের চেয়ে এগিয়ে চার পয়েন্টে।

সৌদি প্রো লিগে এই মৌসুমে ১৭ গোল নিয়ে শীর্ষে রয়েছেন রোনালদো। এক গোল কম নিয়ে তার পরেই আছেন আল ইত্তিহাদের তারকা করিম বেনজেমা।

## আশি-নব্বই দশকের ক্রিকেট খেলছে পাকিস্তান : আফ্রিদি



শহিদ আফ্রিদি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

চ্যাম্পিয়ন্স ট্রফিতে যে ক্রিকেট খেলছে পাকিস্তান, তাতে ভীষণ বিরক্ত শহিদ আফ্রিদি। গ্রুপ পর্বেই টুর্নামেন্ট থেকে ছিটকে পড়া দলটির কঠিন সমালোচনা করেছেন দেশটির সাবেক অধিনায়ক। প্রশ্ন তুলেছেন বাবর আজম, মোহাম্মদ রিজওয়ানদের খেলার ধরন ও মানসিকতা নিয়ে। আফ্রিদির মতে, আশি-নব্বই দশকের ক্রিকেট খেলছে তার উত্তরসূরিরা।

এবারের চ্যাম্পিয়ন্স ট্রফির আয়োজক পাকিস্তান। ভারত প্রতিবেশী দেশে যেতে না চাওয়ায় টুর্নামেন্টটি হচ্ছে হাইব্রিড মডেলে, পাকিস্তান ও দুবাইয়ে। সংযুক্ত আরব আমিরাতের মূল ভেন্যু দুবাইয়ের কন্ডিশনও বেশ পরিচিত পাকিস্তানের। কিন্তু কোনো জায়গায়ই নিজেদের মেলে ধরতে পারেনি তারা।

টুর্নামেন্টে দুই ম্যাচ খেলে একটিতেও তিনশ করতে না পারা পাকিস্তানের কড়া সমালোচনা করেন আফ্রিদি। সাবেক তারকা অলরাউন্ডার বলেন, 'আধুনিক ক্রিকেটের মানসিকতার ধারেকাছেও নেই পাকিস্তান। ২০২৫ সালে পাকিস্তান আশি ও নব্বইয়ের দশকের মতো ক্রিকেট খেলছে, যেখানে অন্য দলগুলো আক্রমণাত্মক ও আধুনিক ক্রিকেটের সঙ্গে নিজেদের মানিয়ে নিতে ভালোভাবেই এগিয়ে গেছে।'

ওই দুই ম্যাচে পাকিস্তানকে ডুবিয়েছে অতিরিক্ত ডট বল খেলা। ভারতের বিপক্ষে ১৫২টি বলে কোনো রান করতে পারেনি পাকিস্তান। যেখানে প্রথম ৬ ওভারের মধ্যে ২৮ বলই ছিল ডট! আর নিউজিল্যান্ডের বিপক্ষে ডট ছিল ১৬২টি ডেলিভারি।

উত্তরসূরিদের এমন ব্যাটিং নিয়ে আফ্রিদি বলেন, 'অনেক বেশি ডট বল খেলার অসুস্থ মনোভাবও আমাদের খেলার ক্ষতি করছে।' তার মতে, পাকিস্তান ক্রিকেটের পুরো সিস্টেমকেই ঢেলে সাজাতে হবে। আফ্রিদি বলেন, 'আধুনিক ক্রিকেটের সঙ্গে পাকিস্তানের খেলোয়াড়দের মানসিকতার মিল নেই। আমাদের সিস্টেমের পুরোপুরি সংস্কার দরকার, যাতে আমরা আক্রমণাত্মক মানসিকতার ক্রিকেটার তৈরি করতে পারি।'

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 19D, Jamir Lane, Kolkata- 700019 & 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR